



মাত্র একদিনেই ইরানকে ধ্বংস করে দিতে পারি: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

ফস্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরান ইস্যুতে কঠোর হুঁশিয়ারি দিয়েছেন। তিনি দাবি করেন, প্রয়োজন হলে মাত্র এক দিনের মধ্যেই ইরানকে বড় ধরনের ক্ষতির মুখে ফেলা সম্ভব।

হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ নিয়ে তিনি বলেন, ওই পথে জাহাজ চলাচল কোনো একক দেশের সিদ্ধান্তে সীমাবদ্ধ থাকতে পারে না, সব পক্ষের জন্য নিরাপদ চলাচল নিশ্চিত করতে হবে। ইরানের তেল রপ্তানি বন্ধের অবস্থান জানিয়ে ট্রাম্প বলেন, দেশটি স্বাধীনভাবে তেল বিক্রি করে অর্থ আয় করতে পারবে না। এ ধরনের পদক্ষেপ ভেনেজুয়েলার ওপর আরোপিত নিষেধাজ্ঞার চেয়েও বিস্তৃত হবে বলেও তিনি ইঙ্গিত দেন।

তিনি আরও বলেন, প্রয়োজনে ইরানের বিদ্যুৎ ও জ্বালানি অবকাঠামোতে বড় ধরনের আঘাত আনা সম্ভব। তার দাবি অনুযায়ী, এর লক্ষ্য মধ্যপ্রাচ্যে ইরানের প্রভাব কমানো এবং দেশটির অর্থনৈতিক চাপ বৃদ্ধি করা।

সূত্র: আল জাজিরা